



গুগল আর্থ বিশ্বকে এনেছে হাতের মুঠোয়

ডা. সিয়াম মোয়াজ্জেম

আমরা জানি, ঢাকা শহরের নির্দিষ্ট কোনো ঠিকানা খুঁজে বের করতে কেমন বামেলায় পড়তে হয়, মুখোমুখি হতে হয় কেমন বিবর্তকর অবস্থার। এমন অবস্থায় স্বস্তি দিতে পারে আপনার হাতের স্মার্টফোনটি। হাতের মোবাইল ফোনটি যদি স্মার্টফোন না হয়, তাহলে আশপাশের সাইবার ক্যাফেতে গিয়ে google.com/streetview সাইট থেকে আপনার কাঙ্ক্ষিত ঠিকানাটির অবস্থানটি খুব সহজে খুঁজে বের করতে পারবেন।

ইন্টারনেট ব্যবহার করে গ্লোবাল পজিশনিং সিস্টেম তথা জিপিএসের মাধ্যমে আপনার কাঙ্ক্ষিত জায়গাটি নিখুঁতভাবে খুঁজে পেতে প্রয়োজন মানচিত্র। জনপ্রিয় ওয়েব সার্চ ইঞ্জিন গুগল দিচ্ছে সেই সেবা। বিশ্বের ৪০ থেকে ৫০টি দেশে গুগল দিচ্ছে এ সুযোগ। ইন্টারনেট ব্যবহার করে জিপিএসের মাধ্যমে কাঙ্ক্ষিত ঠিকানা আর পুরো পথের ছবি দেখিয়ে আপনাকে যথাযথ ঠিকানায় পৌঁছে দেবে গুগলের স্ট্রিটভিউ। ২১ জানুয়ারিতে গুগল স্ট্রিটভিউয়ের সুবিধার তালিকায় যুক্ত হয়েছে বাংলাদেশের নাম। বাংলাদেশের রাজধানী ঢাকাসহ চট্টগ্রাম মহানগর এবং ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের নিখুঁত স্থান বা স্থাপনা খুঁজে পাওয়া যাবে এর মাধ্যমে।

গুগল আর্থ হলো একটি ভার্সিয়াল গ্লোব, ম্যাপ এবং ভৌগোলিক তথ্যের প্রোগ্রাম, যাকে মূলত বলা হয় আর্থ ভিউয়ার থ্রিডি। আমেরিকান মিলিটারি স্পাই স্যাটেলাইট ডেভেলোপ করে এক সিরিজ অ্যাপ্লিকেশন স্যুট। এর মধ্যে সবচেয়ে প্রতিশ্রুতিশীল হলো আর্থ ভিউয়ার, যা পরবর্তী সময়ে গুগল আর্থে সম্ভারিত হয়। বিশ্বের সবচেয়ে জনপ্রিয় এই ফ্রি ম্যাপিং প্রোগ্রাম ২০০১ সালে তৈরি করে কীহোল ইঙ্ক। ওয়েব সার্চ ইঞ্জিন গুগলের সবচেয়ে প্রতিশ্রুতিশীল পণ্য গুগল আর্থে

জন্য আংশিকভাবে অর্থায়ন করে আমেরিকার সেন্ট্রাল ইন্টেলিজেন্স এজেন্সি (সিআইএ)। গুগল ম্যাপস এবং গুগল আর্থে ফিচার টেকনোলজি ২০০৭ সালের ২৫ মে যুক্তরাষ্ট্রের কয়েকটি শহরে গুগলের এ সেবার যাত্রা শুরু। ২১ নভেম্বর ২০০৮ সালে গুগল ম্যাপস অ্যাপ্লিকেশনে যুক্ত হয় গুগল স্ট্রিটভিউ। ২০১৩ সালের ৯ ফেব্রুয়ারি বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে গুগল স্ট্রিটভিউয়ের গাড়ি আসে এবং ১৪ ফেব্রুয়ারি ঢাকায় ছবি তোলা শুরু হয়।

গুগল আর্থ স্ট্রিটভিউ কী?

গুগল স্ট্রিটভিউ এমন এক প্রায়ুক্তিক সুবিধা, যার মাধ্যমে গুগল ম্যাপস ও গুগল আর্থে চারদিকের প্যানোরামিক ছবি দেখা যায়। শুধু তাই নয়, এর মাধ্যমে আপনার কাঙ্ক্ষিত রাস্তার পূর্ণাঙ্গ ছবি দেখতে পারবেন। গুগলের একটি গাড়ি বিশ্বের বিভিন্ন দেশের রাস্তায় গিয়ে ওইসব জায়গার ছবি তোলে। এজন্য বিশেষভাবে তৈরি গাড়িতে রয়েছে প্যানোরামিক ছবি তোলার জন্য নয়টি ক্যামেরা, যেগুলো ৩৬০ ডিগ্রিতে কোনো ছবি তুলতে পারে। এর সাথে আছে বিশেষ লেজার ও জিপিএস সুবিধা, যেগুলো ছবি তোলার সাথে সাথে যেখান থেকে ছবি তোলা হয়, সেখান থেকে তোলার স্থানটির দূরত্ব কতটুকু তাও নির্ধারণ করে দেয়।

গুগল আর্থ স্ট্রিটভিউতে যেভাবে নেভিগেট করবেন

গুগল আর্থে আপনি ইমেজারি স্ট্রিট-লেবেল ভিউ ও নেভিগেট ঠিক সেভাবে করতে পারবেন, যেভাবে গুগল ম্যাপস করতে পারেন। আনুমানিক ৫০০

কিলোমিটার আল্টিচুটি থেকে কোনো নির্দিষ্ট লোকেশনের স্ট্রিট-লেবেল ভিউ করতে পারবেন। গুগল স্ট্রিটভিউতে ছবি দেখতে চাইলে শুরুতেই Maps.google.com সাইটে অ্যাক্সেস করতে হবে। এরপর ওপরে বাম পাশে থাকা সার্চ বক্সে আপনি যে জায়গাটি দেখতে চান, এর ঠিকানা লিখে সার্চে ক্লিক করলে ওই এলাকার ছবি স্ট্রিটভিউ চলে আসবে। স্ট্রিটভিউ লেখায় ক্লিক করলে আপনি ওই এলাকার পথের ছবি দেখতে পারবেন। গুগল আর্থে স্ট্রিটভিউ স্ক্রিনে ওপরের ডান দিকে নেভিগেশন কন্ট্রোলের নিচে একটি পেগম্যান আইকন দেখতে পাবেন। এই পেগম্যান আইকনে ক্লিক করে এটিকে থ্রিডি ভিউয়ার জুড়ে ড্র্যাগ করলে একটি নীল বর্ণের বর্ডার রাস্তার চারদিকে আবির্ভূত হবে, যেখানে দেখা যাবে স্ট্রিট লেবেল ইমেজারি। কীবোর্ড বা মাউস ব্যবহার করে রাইজেন্টাল ও ভার্টিক্যাল ভিউয়িং ডিরেকশন ও জুম লেবেল সিলেক্ট করা যাবে। ছবিতে সলিড বা বিচ্ছিন্ন লাইন প্রদর্শন করে ক্যামেরা কার অনুসরণ করা আনুমানিক পথ এবং অ্যারো লিঙ্ক দিয়ে বোঝাচ্ছে পরবর্তী ছবির প্রতিটির ডিরেকশন।

পেগম্যান আইকনকে ব্লু বর্ডারসহ একটি রাস্তার ওপর ড্রপ করলে আপনি স্ট্রিটভিউয়ে এন্টার করতে পারবেন। এখানে স্ট্রিটভিউ উইন্ডোতে অ্যাপ্রাই ক্যাবল সব লেয়ার সিলেক্টেড থাকবে বাম দিকের প্যানেলে লেয়ারের অন্তর্গত। স্ট্রিটভিউ মোডে আপনি নেভিগেট এবং রোটেশন করতে পারবেন নিচে বর্ণিত উপায়ে—

- * ইমেজের একটি এরিয়ায় ডাবল ক্লিক করুন।
- * ইমেজারিকে ড্র্যাগ করুন ডান দিকে।
- * কীবোর্ড অ্যারো ব্যবহার করুন।
- * স্ক্রল হুইল ব্যবহার করুন।

স্ট্রিটভিউ থেকে বের হতে চাইলে Exit Street -এ ক্লিক করুন।



গুগল স্ট্রিটভিউ থেকে নেয়া পুরান ঢাকার নবাবগঞ্জ বড় মসজিদের সামনের অংশ

গ্রাউন্ড লেবেল ভিউ

গ্রাউন্ড লেবেল ভিউ গ্রাউন্ড থেকে দেয় বিশ্বের এক সংজ্ঞামূলক ভিউ। এই ভিউতে এন্টার করা যায় দু'ভাবে—

- * গুগল আর্থে বিশেষ কোনো লোকেশনের কোনো জায়গাকে যতদূর সম্ভব জুম ইন করুন।
- * একটি এরিয়ায় জুম ইন করতে থাকুন যতক্ষণ পর্যন্ত না ডান দিকের নেভিগেশন কন্ট্রোলের নিচে আপনি একটি পেগম্যান আইকন দেখতে পাচ্ছেন। এরপর আপনার কাঙ্ক্ষিত এরিয়ায় পেগম্যান আইকনকে ক্লিক করে ড্র্যাগ করুন এবং বিল্ডিং আইকন সিলেক্ট করুন, যা ওপরের ডান দিকে থ্রিডি ভিউয়ারে আবির্ভূত হয়।